

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১৫-২৩৩

তারিখঃ ০২.১০.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ আব্দুল্লাহ আল মাসরাফী (০৪৯১৭৮), সহকারী সার্জন, রামনাথপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বরদগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ আব্দুল্লাহ আল মাসরাফী (০৪৯১৭৮) সহকারী সার্জন, রামনাথপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বরদগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি গত ০৬-০৪-২০১০ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবে না, এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ আব্দুল্লাহ আল মাসরাফী (০৪৯১৭৮),
সহকারী সার্জন,
রামনাথপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বরদগঞ্জ,
রংপুর।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১৫-২৩৩/৩ (৩)

তারিখঃ ০২.১০.২০১৫ খ্রিঃ


অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, রংপুর।
- ৫। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বরদগঞ্জ, রংপুর।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ আব্দুল্লাহ আল মাশরাফী (০৪৯১৭৮), সহকারী সার্জন, রামনাথপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বরদগঞ্জ, রংপুর গত ০৬-০৪-২০১০ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১১৮.২০১৩-২৭০

তারিখঃ ০৫.১১.২০১৫ ইং।

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ তানবীর আল মিসবাহ, মেডিকেল অফিসার, গোপালনগর উপস্বাস্থ্য কেন্দ্র, ধনুট, বগুড়া এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধির আওতায় 'অসদাচরণ'ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়; এবং


যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারী "চাকুরী হতে বরখাস্ত" (Dismissal from service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এক্ষণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারী "চাকুরী হতে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক চিঠি প্রাপ্তির ০৭ (সাত)টি কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদসংগে প্রেরণ করা হলো।


(বিমান কুমার সাহা এনএলসি)
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক,
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১১৮.২০১৩-২৭০/১(৬)

তারিখঃ ০৫.১১.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, বগুড়া।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধনুট, বগুড়া।
- ৬। ডাঃ তানবীর আল মিসবাহ, মেডিকেল অফিসার, গোপালনগর উপস্বাস্থ্য কেন্দ্র, ধনুট, বগুড়া।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব